# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৫৪৩

২৭/ আদব

পরিচ্ছেদঃ সবর (ধৈর্যের) বিবরণ

আরবী

عَنْ عَائِشَةَ قَالَتْ قَالَ رَسُوْلُ الله ﷺ لَقَدْ لَقِيتُ مِنْ قَوْمِكِ وَكَانَ أَشَدَّ مَا لَقِيتُ مِنْهُمْ يَوْمَ الْعَقَبَةِ إِذْ عَرَضْتُ نَفْسِى عَلَى ابْنِ عَبْدِ يَالِيلَ بْنِ عَبْدِ كُلاَلٍ فَلَمْ يُجِبْنِى إِلَى مَا أَرَدْتُ فَانْطَلَقْتُ وَأَنَا مَهْمُومٌ عَلَى وَجْهِى فَلَمْ أَسْتَفِقْ إِلاَّ بِقَرْنِ الثَّعَالِبِ فَرَفَعْتُ رَأْسِى فَإِذَا أَنَا بِسَحَابَةٍ قَدْ أَظَلَّتْنِى فَنَظَرْتُ فَإِذَا فِيهَا جِبْرِيلُ فَنَادَانِى فَقَالَ إِنَّ اللهَ عَزَّ وَجَلَّ قَدْ سَمِعَ قَوْلَ قَوْمِكَ لَكَ وَمَا رَدُّوا عَلَيْكَ وَقَدْ بَعَثَ إِلَيْكَ مَلَكَ الْجِبَالِ لِتَأْمُرَهُ بِمَا شِئْتَ فِيهِمْ قَالَ فَنَادَانِى مَلَكُ الْجِبَالِ وَسَلَّمَ عَلَىَّ ثُمَّ قَالَ يَا مُحَمَّدُ إِنَّ اللهَ قَدْ سَمِعَ قَوْلَ قَوْمِكَ لَكَ وَأَنَا مَلَكُ الْجِبَالِ وَقَدْ بَعَثَنِى رَبُّكَ إِلَيْكَ لِتَأْمُرَنِى بِأَمْرِكَ فَمَا شِئْتَ إِنْ شِئْتَ أَنْ أُطْبِقَ عَلَيْهِمُ الأَخْشَبَيْنِ فَقَالَ لَهُ رَسُوْلُ اللهِ ﷺ بَلْ أَرْجُو أَنْ يُخْرِجَ اللهُ مِنْ أَصْلاَبِهِمْ مَنْ يَعْبُدُ اللهَ وَحْدَهُ لاَ يُشْرِكُ بِهِ شَيْئًا

বাংলা

(৩৫৪৩) আয়েশা (রাঃ) কর্তৃক বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, তোমার সম্প্রদায়ের পক্ষ থেকে যেসব সংকটের সম্মুখীন আমি হয়েছি, তাতো হয়েছিই। তবে আক্বাবার দিন আমি সব চেয়ে কঠিন সংকটের সম্মুখীন হই। সে দিন আমি আব্দ ইয়ালীল ইবনে আব্দ কুলালের পুত্রের কাছে নিজেকে পেশ করলাম, কিন্তু সে আমার ডাকে সাড়া দেয়নি। তখন আমি অত্যন্ত বিষন্ন অবস্থায় সম্মুখের দিকে চলতে লাগলাম এবং ’ক্বারনুস্ সাআলিব’ নামক স্থানে পৌঁছেই আমি আমার সম্বিৎ ফিরে পেলাম। সেখানে আমি মাথা তুললে দেখি যে, একখণ্ড মেঘ আমাকে ছায়া করে রয়েছে। আমি আবারও সেদিকে তাকালে তাতে জিবরীল (আঃ)কে দেখতে পেলাম। তিনি আমাকে ডাক দিয়ে বললেন, আপনার জাতির আপনার সাথে যে কথাবার্তা এবং তাদের যে প্রত্যুত্তর হয়েছে, তা অবশ্যই মহান আল্লাহ শুনেছেন।

এখন তিনি পাহাড়ের (দায়িত্বে নিয়োজিত) ফেরেশতাকে আপনার কাছে পাঠিয়ে দিয়েছেন। আপনি একে তাদের ব্যাপারে যে নির্দেশ চান দিতে পারেন। অতঃপর সেই পাহাড়ের ফেরেশতাও আমাকে ডাকলেন এবং সালাম ক’রে বললেন, হে মুহাম্মাদ! আপনার ইচ্ছার ব্যাপার। আপনি চাইলে ’আখশাবাইন’ নামক দুই পাহাড়কে আমি ওদের

উপর চাপিয়ে দিতে পারি। তখন নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, (না) বরং আমি আশা করছি যে, মহান আল্লাহ এদের বংশ থেকে এমন সম্প্রদায় সৃষ্টি করবেন, যারা কেবল আল্লাহরই ইবাদত করবে এবং তাঁর সাথে কোন কিছুকে শরীক করবে না।

## ফুটনোট

(বুখারী ৩২৩১, মুসলিম ১৭৯৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=67291

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন